# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাত কোন আমলের মূল্য নয়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাত কোন আমলের মূল্য নয়

জান্নাত বিশাল অমূল্য জিনিস। জান্নাত কোন আমলের বিনিময় নয়। কোন আমল দ্বারা ক্রয় করা সম্ভব নয়। আমল হল জান্নাত লাভ করার কারণ বা অসীলা মাত্র। জান্নাত আল্লাহর অনুগ্রহ, যা তিনি তার অনুগত বান্দার প্রতি সন্তুষ্ট হয়ে পুরস্কার স্বরূপ দান করবেন।

মহানবী (ﷺ) বলেন, “তোমরা (আমলে) অতিরঞ্জন ও অবজ্ঞা প্রদর্শন করো না। তোমরা সুসংবাদ নাও ও জেনে রাখ যে, তোমাদের মধ্যে কেউই আর না আমি (আল্লাহর রহমত ছাড়া) নিজ আমলের বলে পরিত্রাণ পেতে পারব। যদি না আল্লাহ আমাকে তার করুণা ও অনুগ্রহ দ্বারা আচ্ছাদিত করেন।” (আহমাদ, মুসলিম, ইবনে মাজাহ)

“যদি কোন ব্যক্তিকে আল্লাহর সন্তুষ্টির পথে তার জন্মদিন থেকে নিয়ে বৃদ্ধ হয়ে মৃত্যুদিন পর্যন্ত মাটির উপর উবুড় করে টেনে নিয়ে বেড়ানো হয়, তবুও কিয়ামতের দিন সে তা তুচ্ছ মনে করবে!” (আহমাদ প্রমুখ, সহীহুল জামে ৫২৪৯নং)

মহান আল্লাহ বলেন,

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُم مِّن قُرَّةِ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ

অর্থাৎ, কেউই জানে না তার জন্য তার কৃতকর্মের বিনিময় স্বরূপ নয়ন প্রীতিকর কি পুরস্কার লুকিয়ে রাখা হয়েছে। (সাজদাহঃ ১৭)।

تِلْكُمُ الْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنتُمْ تَعْمَلُونَ

অর্থাৎ, (তাদেরকে আহবান করে বলা হবে যে,) তোমরা যা করতে তারই প্রতিদানে তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হয়েছে। (আ'রাফঃ ৪৩)।

এর মানে এই নয় যে, জান্নাত কৃত আমলের বিনিময়। বরং কৃত আমলের কারণে অথবা কৃত আমলের পুরস্কার স্বরূপ জান্নাতীরা জান্নাত লাভ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12191

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন